



সংখ্যা: ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.২৮৯.২৫.১০১৮ (২৫)

তারিখ: ২৯ জুন ২০২৫

প্রেস রিলিজ

ন্যায়বিচার ও আইনের শাসন প্রতিষ্ঠায় অনুসন্ধানী সাংবাদিকতার গুরুত্ব অপরিসীম : তথ্য সচিব মাহবুবা ফারজানা

তারিখ: ২৯ জুন, ২০২৫

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (নিমকো)-এর উদ্যোগে এবং সুপ্রিম কোর্ট ও ইউএনডিপি'র যৌথ অংশীদারিত্বে ও সুইডেন দূতাবাসের সহায়তায় “Strengthening Investigative Journalism for Law Reporters” শীর্ষক দিনব্যাপী কর্মশালা আজ ২৯ জুন ২০২৫ তারিখে ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মাহবুবা ফারজানা। তিনি তাঁর বক্তব্যে বলেন, “গণতন্ত্র ও আইনের শাসনের ভিত্তি মজবুত করতে সাংবাদিকদের, বিশেষত আইন সাংবাদিকদের ভূমিকা অপরিসীম। অনুসন্ধানী সাংবাদিকতা সত্যের পক্ষে দাঁড়ায়, স্বচ্ছতা নিশ্চিত করে এবং বিচার ব্যবস্থার প্রতি জনগণের আস্থা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।”


কর্মশালার মূলপ্রবন্ধ উপস্থাপন করেন ড. আজিজ আহমেদ উইয়া, রেজিস্ট্রার জেনারেল, সুপ্রিম কোর্ট অব বাংলাদেশ। তিনি মাননীয় প্রধান বিচারপতি ঘোষিত বিচার বিভাগীয় সংস্কার রোডম্যাপ বাস্তবায়নের উল্লেখযোগ্য অগ্রগতি তুলে ধরেন। এর মধ্যে রয়েছে পৃথক জুডিশিয়াল সচিবালয় গঠন, জুডিশিয়াল কাউন্সিল পুনরায় কার্যকরকরণ, সুপ্রিম কোর্ট হেল্পলাইন চালু এবং বিচারপতি নিয়োগ সংক্রান্ত আইন পাস।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইউএনডিপি বাংলাদেশের সহকারী আবাসিক প্রতিনিধি আনোয়ারুল হক। তিনি বলেন, “অনুসন্ধানী সাংবাদিকতা শুধু একটি কাজ নয়, এটি ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য একটি শক্তিশালী মাধ্যম। গণমাধ্যমই পারে জনগণের কণ্ঠস্বর রাষ্ট্রের নীতিনির্ধারকদের কাছে পৌঁছে দিতে। ইউএনডিপি সুপ্রিম কোর্ট ও আইন মন্ত্রণালয়ের সঙ্গে বিচার সংস্কারে নিবিড়ভাবে কাজ করছে।”

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নিমকো-এর মহাপরিচালক মুহম্মদ হিরুজ্জামান এনভিসি। তিনি বলেন, “গণমাধ্যমকর্মীরা শুধু সংবাদ পরিবেশনের দায়িত্ব পালন করেন না-তারা সমাজ পরিবর্তনের অগ্রদূতও বটে।”

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক এবং কর্মশালা পরিচালক জনাব তানজিম তামান্নার সঞ্চালনায় দিনব্যাপী এ কর্মশালায় আইনগত স্টোরিটেলিং, সূত্রের সুরক্ষা, জটিল আইন সহজভাবে ব্যাখ্যা, বিচার বিভাগীয় স্বচ্ছতা ও তথ্যভিত্তিক প্রতিবেদন তৈরির টুলস ইত্যাদি বিষয়ে ইন্টারঅ্যাকটিভ সেশন পরিচালনা করেন ইউএনডিপি-এর সিনিয়র রুল অফ ল' অ্যাডভাইজর রোমানা শোয়েগার, বাংলার আউটলুকের স্পেশাল করেসপন্ডেন্ট মুক্তাদির রশিদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. সাইফুল আলম চৌধুরি এবং এপি-এর ব্যুরো চিফ জুলহাস আলম। কর্মশালায় আইন রিপোর্টার্স ফোরামের সদস্যবৃন্দ, জাতীয় ও আন্তর্জাতিক গণমাধ্যমকর্মীরা, ইউএনডিপি ও সুপ্রিম কোর্টের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

কর্মশালায় নিমকোর পরিচালক ড. মো. মারুফ নাওয়াজ, ইউএনডিপি বাংলাদেশের হেড অব কমিউনিকেশনস আব্দুল কাইয়ুমসহ ইনস্টিটিউটের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



মো. আব্দুল মান্নান

উপপরিচালক

ফোন : ০১৭২৭৭৫৬৭৪১

বিতরণ:

- ০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ০২। মুখ্য বার্তা সম্পাদক/ চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশে টিভি/এনটিভি/সময় টিভি/দৈনিক ইত্তেফাক/আমাদের সময়/ দৈনিক ইনকিলাব/মানবজমিন/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/কমিউনিটি বেতারসমূহ।
- ০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। কার্যালয় নথি।